ভারতে পাচারের সময় সিলেট সীমান্তে ১৭ বস্তা রসুন আটক

চেম্বার ডেস্ক : সিলেটের কোম্পানীগঞ্জ উপজেলার পশ্চিম ইসলামপুর ইউনিয়নের নভাগী এলাকা থেকে ১৭ বস্তা বাংলাদেশী রসুন আটক করেছে কোম্পানীগঞ্জ থানা পুলিশ।

বুধবার রাতে অভিযান চালিয়ে ৩শ ’ ৪০ কেজি রসুন আটক করা হয়।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, বাংলাদেশ থেকে কিছু চোরাকারবারিরা ছনবাড়ী ও শাহ আরেফিন টিলার সীমান্ত দিয়ে ভারতে রসুন পাচার করছে। এমন গোপনীয় সংবাদের ভিত্তিতে ১১ সেপ্টেম্বর রাত নভাগী এলাকায় অভিযান চালায়। এ সময় ১৭ বস্তা যা প্রতি বস্তায় ২০কেজি রসুন থাকে, মোট ৩ ’শ ৪০ কেজি বাংলাদেশী রসুন আটক করে কোম্পানীগঞ্জ থানাপুলিশের একটি দল।

কোম্পানীগঞ্জ থানার এসআই সজীব দেব রায় জানান, বাংলাদেশি রসুন ভারতে পাচারকালীন ১৭ বস্তা রসুন আটক করা হয়েছে। তবে পাচারের সাথে জড়িত কাউকে আটক করা যায়নি। এ ব্যাপারে থানায় মামলা প্রক্রিয়াধীন।